দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৩২/২০২৬ তারিখ: ০৪/০৬/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## জরুরী দৃষ্টি আকর্ষণ

### অফডকের মাধ্যমে আমদানি/রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে AIN/BIN ট্যাগিং এবং AW User ID-তে অফিস কোড (৩০৬) অন্তর্ভূক্তকরণ প্রসঙ্গে

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নবগঠিত কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম-এর জারীকৃত বিজ্ঞপ্তি (নথি নং-এস-প্রিভেন্টিভ/কা.হা.আইসিডি.চট্ট/০৩/বিধি/২০২৬/১০৬(৬)কাস, তারিখ-১৮/০৫/২০২৬ খ্রি.) মোতাবেক কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম-এর আওতাভুক্ত অফডকের মাধ্যমে আমদানি/রপ্তানি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাসমূহ সম্মানিত সদস্যদের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো।

**১. আগামী ১৫ জুন, ২০২৬ হতে কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর আওতাভুক্ত অফডকের মাধ্যমে আমদানি/রপ্তানি কার্যক্রম সম্পাদনে ASYCUDA World System এ Bill of Entry বা Bill of Export দাখিলের ক্ষেত্রে বি/ই ফরমে অফিস কোড (৩০৬) ব্যবহার করতে হবে।**

**২. অফডকের মাধ্যমে আমদানি/রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট আমদানিকারক/রপ্তানিকারকের BIN এর বিপরীতে https://bdcams.bdcustoms.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে সিএন্ডএফ এজেন্টের AIN ট্যাগ (তালিকাভুক্ত) করতে হবে।**

**৩. ASYCUDA World System এ Bill of Entry বা Bill of Export দাখিলের লক্ষ্যে সি এন্ড এফ এজেন্টের বিদ্যমান ASYCUDA World User ID-তে অফিস কোড (৩০৬) অন্তর্ভূক্ত করার জন্য কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম বরাবর আবেদন করতে হবে।**

উল্লেখ্য, নবগঠিত কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর যাবতীয় প্রশাসনিক ও দাপ্তারিক কার্যক্রম ০১ জুন, ২০২৬ খ্রি. তারিখ হতে বিএসটিআই এর বিভাগীয় অফিস ভবন (৭ম তলা), জাম্বুরী পার্ক সংলগ্ন, আগ্রাবাদ চট্টগ্রাম হতে পরিচালিত হচ্ছে।

এমতাবস্থায়, অফডকের মাধ্যমে আমদানি/রপ্তানি কার্যক্রম নির্বিঘ্নে সম্পাদনের লক্ষ্যে উল্লিখিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সম্মানিত সদস্যবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় আমদানি/রপ্তানি কার্যক্রমে জটিলতা সৃষ্টি হতে পারে। **বিষয়টি অতীব জরুরী।**

**মোঃ শওকত আলী**
সাধারণ সম্পাদক